



রাজশাহী বিশ্ববিদ্যালয়

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২২-২০২৩

ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

সূত্র: ২২৭/সা.বি.অ/১৩৫ পাট ১৫

তারিখ: ১৫/০৭/২০২৩

নোটিশ

লিখিত ও ব্যবহারিক পরীক্ষার ফল প্রকাশ এবং বিষয় পছন্দক্রম (Subject Choice) ফরম পূরণ

ইউনিট A (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)-এর ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার ইংরেজি বিভাগের লিখিত পরীক্ষা এবং সংগীত বিভাগ, নাট্যকলা বিভাগ ও চারুকলা অনুষদের ব্যবহারিক পরীক্ষার ফলাফল প্রকাশ করা হলো। এসব পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীসহ গত ৩০ মে, ২০২৩ তারিখে অনুষ্ঠিত MCQ পরীক্ষায় উত্তীর্ণদের Subject Choice আগামী ১৭ জুলাই, ২০২৩ থেকে ২৩ জুলাই, ২০২৩ তারিখ পর্যন্ত অনলাইনে নির্ধারিত ফরমে বাধ্যতামূলকভাবে পূরণ করতে হবে। Subject Choice ফরম পূরণ না করলে A ইউনিটে তার ভর্তির সুযোগ থাকবে না। Subject Choice প্রদানের পর তদানুযায়ী কোন নির্দিষ্ট বিভাগে ভর্তির জন্য নির্বাচিত হলে সেই বিভাগে অবশ্যই ভর্তি হতে হবে। নতুবা A ইউনিটে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং পরবর্তীতে A ইউনিটের কোন বিভাগে ভর্তির আর কোন সুযোগ থাকবে না।

আগামী ২৬ জুলাই, ২০২৩ তারিখে বিভাগসমূহের নির্ধারিত আসন সংখ্যা অনুযায়ী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (www.ru.ac.bd) প্রকাশ করা হবে।

মেধা তালিকাভুক্ত পরীক্ষার্থীদের সাক্ষাৎকার ও ভর্তি কার্যক্রম ০১ আগস্ট, ২০২৩ তারিখ থেকে শুরু হবে।


২২/০৭/২০২৩

(প্রফেসর ড. মো. ইলিয়াছ হোসেন)

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট: A (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২২-২০২৩

ও

ডীন

সামাজিক বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়।